গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়
পুরাতন বিমান বন্দর ভবন
তেজগাঁও, ঢাকা-১২১৫

নিয়োগ বিজ্ঞপ্তি

নম্বরঃ বাসকক্স/ইউনিট-১/সম্ননিঃ-১/২০০৬/১৪ তারিখঃ ২৮-৮-১৪১৩/১২-১২-২০০৬

পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, ঢাকা, নিম্নলিখিত পদসমূহে নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহবান করছেনঃ-

১৪। বাসকক্স/ইউ-১/নিয়োগ-১/২০০৩	ঃ	স্থানীয় সরকার বিভাগের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সহকারি প্রকৌশলী (পুর)/উপজেলা সহকারী প্রকৌশলী-র ১৫৪ (একশত চুয়ান্ন)টি স্থায়ী পদ।
বেতন	ঃ	টাকা-৬৮০০-৩২৫x৭-৯,০৭৫-ইবি-৩৬৫x১১-১৩,০৯০/- তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/সুবিধাদি।
শিক্ষাগত যোগ্যতা	ঃ	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশলে স্নাতক ডিগ্রি অথবা এএমআইই-এর সেকশন এ এবং বি পরীক্ষায় উত্তীর্ণ।
বয়স	ঃ	১লা ডিসেম্বর, ২০০৬খ্রিঃ তারিখে অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর।

বিশেষ দ্রষ্টব্যঃ প্রার্থীদেরকে অবশ্যই খামের উপরে পদের নাম ও দপ্তরের নাম উল্লেখ করতে হবে।

আবেদনপত্র গ্রহণের শেষ তারিখঃ ১৫-১-২০০৭ইং

সাধারণ গুরুত্বপূর্ণ তথ্যাবলী

১। যে সব পদের বয়সসীমা ৩২ বছরের নীচে সে সব পদের ক্ষেত্রে প্রকৃত মুক্তিযোদ্ধা এবং প্রকৃত মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের জন্যে বয়সের উর্দ্ধসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। অব্যাহতিপ্রাপ্ত/অবসরপ্রাপ্ত সামরিক বাহিনীর নন-কমিশনড কর্মচারীর ক্ষেত্রে সামরিক বাহিনীতে তাঁর প্রকৃত চাকুরীর সর্বোচ্চ মেয়াদ পর্যন্ত বয়স শিথিলযোগ্য। তবে সরকারি চাকুরীর শেষ সীমায় (৫৭ বছর) উপনীত বয়সের অব্যাহতিপ্রাপ্ত/অবসরপ্রাপ্ত সামরিক বাহিনীর নন-কমিশনড কর্মচারী সিভিল পদে নিয়োগের জন্যে উপযুক্ত বলে বিবেচিত হবেন না। অব্যাহতিপ্রাপ্ত/অবসরপ্রাপ্ত সামরিক বাহিনীর নন-কমিশনড কর্মচারীদের আবেদনপত্র/সুপারিশ সামরিক বাহিনীর সুপ্রীম কমান্ড হেড কোয়ার্টারস এর মাধ্যমে সরকারি কর্ম কমিশনে প্রেরিত না হলে তা গ্রহণ করা হবে না।

২। এডহক ভিত্তিতে চাকুরীতে নিয়োগকালে বয়স নিয়োগবিধি মোতাবেক নির্ধারিত সীমার মধ্যে থাকলে এবং প্রয়োজনীয় যোগ্যতা থাকলে এডহক ভিত্তিতে উক্ত পদে নিযুক্ত ব্যক্তিরও ঐ পদের জন্য আবেদন করার যোগ্যতা আছে বলে বিবেচনা করা হবে।

৩। বিজ্ঞাপনে উল্লেখিত পদে এডহক ভিত্তিতে নিযুক্ত ব্যক্তি ও সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্বশাসিত/স্থানীয় সরকার সংস্থায় চাকুরীতে নিযুক্ত ব্যক্তি এবং স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকুরীরত ব্যক্তিদের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অথবা ট্রেজারী চালান এবং প্রয়োজনীয় সার্টিফিকেটসহ তাঁদের আবেদনপত্র বিজ্ঞাপনে উল্লেখিত আবেদনপত্র গ্রহণের সর্বশেষ তারিখ বা তৎপূর্বে কমিশন সচিবালয়ে পৌঁছাতে হবে। মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার ছাড় পত্রটি সাক্ষাৎকারের সময় দাখিল করতে হবে। অন্যথায় সাক্ষাৎকার গ্রহণ করা হবে না।

৪। প্রার্থীকে জন্ম সূত্রে বাংলাদেশের নাগরিক অথবা আইন অনুযায়ী বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। যে সকল প্রার্থী কোন অ-বাংলাদেশী নাগরিককে বিবাহ করেছেন বা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন তারা আবেদন করার যোগ্য নন।

৫। মেধা, মহিলা, উপজাতি, মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধা না পাওয়ার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র ও কন্যা প্রার্থীদের জন্যে কোটা সংরক্ষণ সংক্রান্ত বর্তমান সরকারি নির্দেশ অনুসরণ করা হবে। মুক্তিযোদ্ধা সংক্রান্ত বিপিএসসি ফর্ম-৩ (মূল আবেদনপত্র) এর ১১, ১২ এবং ১৩ নম্বর অনুচ্ছেদের যে কোন একটিতে হ্যাঁ লিখলে প্রার্থীকে অবশ্যই মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সংক্রান্ত সার্টিফিকেট আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। হ্যাঁ লিখে সার্টিফিকেট জমা না দিলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৬। প্রার্থীকে আবদনপত্রের সাথে সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়-এর অনুকূলে সোনালী ব্যাংকের ৭৫/- (পচাঁত্তর) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অথবা ১/০৮০১/০০০০/২০৩১ কোড নম্বরে পরীক্ষার ফি বাবদ ৭৫/- (পচাঁত্তর) টাকার ট্রেজারী চালান দাখিল করতে হবে। এটি অফেরতযোগ্য। নির্ধারিত ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ট্রেজারী চালান আবেদনপত্রের সাথে দাখিল না করলে আবেদনপত্র বাতিল হবে।

৭। সোনালী ব্যাংকের নিম্নোক্ত শাখাসমূহ থেকে আবেদনপত্র ফরম ৩০ (ত্রিশ) টাকার বিনিময়ে সংগ্রহ করা যাবেঃ
(১) সোনালী ব্যাংক, বঙ্গবন্ধু এভিনিউ কর্পোরেট শাখা, ঢাকা।
(২) সোনালী ব্যাংক, গ্রীনরোড শাখা, ঢাকা।
(৩) সোনালী ব্যাংক, ফার্মগেট শাখা, ঢাকা।
(৪) সোনালী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখা, ঢাকা।
(৫) সোনালী ব্যাংক, প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা, ঢাকা।
(৬) সোনালী ব্যাংক, সদরঘাট কর্পোরেট শাখা, ঢাকা।
(৭) সোনালী ব্যাংক, রমনা কর্পোরেট শাখা, ঢাকা।
(৮) সোনালী ব্যাংক, মানিক মিয়া এভিনিউ শাখা, ঢাকা।
(৯) সোনালী ব্যাংক, মগবাজার শাখা, ঢাকা।
(১০) সোনালী ব্যাংক, মালিবাগ শাখা, ঢাকা।
(১১) সোনালী ব্যাংক, ময়মনসিংহ শাখা, ময়মনসিংহ।
(১২) সোনালী ব্যাংক, টাংগাইল শাখা, টাংগাইল।
(১৩) সোনালী ব্যাংক, ফরিদপুর শাখা, ফরিদপুর।
(১৪) সোনালী ব্যাংক, পাবনা শাখা, পাবনা।
(১৫) সোনালী ব্যাংক, রংপুর কর্পোরেট শাখা, রংপুর।
(১৬) সোনালী ব্যাংক, দিনাজপুর কর্পোরেট শাখা, দিনাজপুর।
(১৭) সোনালী ব্যাংক, বগুড়া কর্পোরেট শাখা, বগুড়া।
(১৮) সোনালী ব্যাংক, রাঙ্গামাটি কর্পোরেট শাখা, রাঙ্গামাটি।
(১৯) সোনালী ব্যাংক, নোয়াখালি কর্পোরেট শাখা, মাইজদিকোর্ট, নোয়াখালি।
(২০) সোনালী ব্যাংক, কুমিল্লা কর্পোরেট শাখা, কুমিল্লা।
(২১) সোনালী ব্যাংক, যশোর কর্পোরেট শাখা, যশোর।
(২২) সোনালী ব্যাংক, পটুয়াখালি কর্পোরেট শাখা, পটুয়াখালি।
(২৩) সোনালী ব্যাংক, কুষ্টিয়া কর্পোরেট শাখা, কুষ্টিয়া।
(২৪) সোনালী ব্যাংক, খুলনা কর্পোরেট শাখা, খুলনা।
(২৫) সোনালী ব্যাংক, রাজশাহী কর্পোরেট শাখা, রাজশাহী।
(২৬) সোনালী ব্যাংক, আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম।
(২৭) সোনালী ব্যাংক, সিলেট কর্পোরেট শাখা, সিলেট।
(২৮) সোনালী ব্যাংক, বরিশাল কর্পোরেট শাখা, বরিশাল।

৮। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের নির্ধারিত ফরমে আবেদন করা না হলে এবং আবেদনপত্র গ্রহণের সর্বশেষ তারিখে বা তৎপূর্বে অফিস চলাকালীন সময়ে প্রার্থী যে কেন্দ্রে পরীক্ষা দিতে ইচ্ছুক সে কেন্দ্রের কমিশন সচিবালয়ের নিম্নলিখিত সংশ্লিষ্ট কর্মকর্তার অফিসে ডাক মারফত অথবা হাতে হাতে না পৌঁছালে কোন আবেদনপত্র বিবেচনা করা হবে না ঃ-
১) পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫।
২) সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আঞ্চলিক অফিস, প্লট নং ৪৯, পাঁচলাইশ আবাসিক এলাকা, চট্টগ্রাম-৪০০০।
৩) সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আঞ্চলিক অফিস, প্লট নং-বি-৪৯৪, প্যারামেডিক্যাল রোড, লক্ষীপুর, রাজশাহী-৬০০০।
৪) সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আঞ্চলিক অফিস, ৩৭, খালিশপুর হাউজিং এস্টেট, ডাকঘর মুজগুন্নি, খালিশপুর, খুলনা-৯০০০।
৫) সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আঞ্চলিক অফিস, ৫০, নবগ্রাম রোড, অয়োময় মঞ্জিল, বরিশাল-৮২০০।
৬) সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আঞ্চলিক অফিস, বাড়ী নং-১০, ব্লক নং-ডি, রোড নং-৩৪, শাহজালাল উপশহর, সিলেট-৩১০০।

৯। প্রার্থী যে বিভাগীয় কেন্দ্রে পরীক্ষা দিতে ইচ্ছুক সে বিভাগীয় শহরে অবস্থিত কর্ম কমিশন সচিবালয়ের সংশ্লিষ্ট কার্যালয়ের নির্ধারিত বাক্সে আবেদনপত্র জমা দিতে হবে।

১০। প্রার্থীকে অবশ্যই আবেদনপত্রের সাথে গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত সার্টিফিকেটসমূহের কপি সংযুক্ত করতে হবে, অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবেঃ-
১) বয়স প্রমাণের জন্যঃ এস.এস.সি/সমতুল্য পরীক্ষার মূল সার্টিফিকেট-এর সত্যায়িত ফটোকপি। সাময়িক সার্টিফিকেট বা এডমিট কার্ড বা টেস্টিমোনিয়াল এ ক্ষেত্রে গ্রহণযোগ্য হবে না।
২) শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্যঃ শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য বোর্ড বা বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল ডিগ্রির মূল সার্টিফিকেট-এর সত্যায়িত ফটোকপি। মূল সার্টিফিকেট (এস.এস.সি ব্যতীত) প্রদানে অপারগ হলে সাময়িক সার্টিফিকেট গৃহীত হবে। শিক্ষাগত যোগ্যতার প্রমাণ স্বরূপ বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত মার্কসিট এ শর্তে গ্রহণযোগ্য হবে যে, সাক্ষাৎকারের পূর্বে মূল/সাময়িক সনদ অবশ্যই দাখিল করতে হবে।
৩) চার বছর মেয়াদী অনার্স ডিগ্রিধারী প্রার্থীদের জমাকৃত সনদ/মার্কসিট/টেস্টিমোনিয়াল-এ যদি ৪ বছর মেয়াদী কোর্স উল্লেখ না থাকে তবে অর্জিত ডিগ্রি ৪ বছর মেয়াদী মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাদের অর্জিত অনার্স ডিগ্রি ৩ বছরের গণনা করা হবে।
৪) প্রার্থী সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান হতে বিজ্ঞাপিত পদের ন্যূনতম শিক্ষাগত ডিগ্রি অর্জন করেছেন সে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত চরিত্রগত সনদের সত্যায়িত ফটোকপি।
৫) বিদেশী ডিগ্রির ক্ষেত্রে ইকুইভ্যালেন্স সনদঃ বিদেশ থেকে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ের সাধারণ বিষয়ে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়, প্রকৌশল বিষয়ে ডিগ্রি অর্জনকারীদের বাংলাদেশ প্রকৌশল ও কারিগরী বিশ্ববিদ্যালয় (বুয়েট), মেডিকেল বিষয়ে ডিগ্রি অর্জনকারীদের বি.এম.ডি.সি হতে এবং অন্যান্য বিষয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হতে সমমানের সনদ সংগ্রহ করে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
৬) মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রেঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে জারিকৃত মুক্তিযোদ্ধা সংক্রান্ত মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
৭) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার ক্ষেত্রে-মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পিতা/মাতার মুক্তিযোদ্ধা মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত ফটোকপি-(মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে জারিকৃত)।
৮। উপজাতীয়দের ক্ষেত্রে ঃ সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি।
৯। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রেঃ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতার সনদ।
বিঃ দ্রঃ উপরে (১) থেকে (৯) পর্যন্ত বর্ণিত সকল সনদ/প্রত্যয়নপত্রের মূলকপি সাক্ষাৎকার বোর্ডে অবশ্যই প্রদর্শন করতে হবে। অন্যথায় সাক্ষাৎকার গ্রহণ করা হবে না।

১১। মূল আবেদনপত্র (বিপিএসসি ফর্ম-৩) পূরণ ও স্বাক্ষর এবং বিপিএসসি ফর্ম-৪ (কোড ফর্ম) স্বাক্ষর কলম দিয়ে করতে হবে। মূল আবেদনপত্র (বিপিএসসি ফর্ম-৩) পেন্সিল দ্বারা পূরণ বা স্বাক্ষর করা হলে এবং বিপিএসসি ফর্ম-৪ (কোড ফর্ম) পেন্সিল দ্বারা স্বাক্ষর করা হলে উক্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১২। প্রার্থীর নাম ও পিতার নাম এসএসসি অথবা সমমানের সনদে যেভাবে লিখা আছে আবেদনপত্রেও হুবহু সেভাবে লিখতে হবে। পিতা মৃত/মরহুম হলেও এসএসসি-র সনদে মোঃ/মোহাম্মদ/মোহাঃ/মুহাম্মদ যাই থাকুক না কেন অনুরূপভাবে আবেদনপত্রে তা অবশ্যই লিখতে হবে। সনদ অনুযায়ী নিজের নাম ও পিতার নামে কোনরূপ গরমিল পরিলক্ষিত হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৩। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত স্থায়ী ঠিকানা যদি ইতিপূর্বে সার্টিফিকেট বা অন্যত্র উল্লিখিত স্থায়ী ঠিকানা থেকে ভিন্ন হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় সেক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/পৌর-চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারী পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

১৪। প্রয়োজনীয় কাগজপত্র, মূল আবেদনপত্র ও কোড ফর্ম (বিপিএসসি ফর্ম-৪) একটি ইনভেলাপে ভরে মুখবন্ধ করে জমা দিতে হবে এবং ইনভেলাপের উপরে বড় অক্ষরে বিজ্ঞাপিত পদের নাম লিখতে হবে।

১৫। কমিশন প্রাপ্ত সকল আবেদনপত্র বিবেচনা করবে এবং বিজ্ঞাপিত শর্ত অনুযায়ী কমিশনের বিবেচনায় যে সকল আবেদনপত্র উপযুক্ত বলে বিবেচিত হবে কমিশন শুধুমাত্র সে সকল উপযুক্ত প্রার্থীর বাছাই পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণ করবে। উল্লেখ্য আবেদনপত্রের সাথে সরবরাহকৃত নির্দেশাবলীর শর্ত এবং বিজ্ঞাপন মোতাবেক শিক্ষাগত যোগ্যতা না থাকলে, বয়স বেশী বা কম হলে, আবেদনপত্র যথাযথভাবে পূরণ করা না হলে, আংশিক পূরণ করলে, কোন কলাম অসম্পূর্ণ রাখলে, স্বাক্ষর করা না হলে, মন্ত্রণালয় ও পদের নাম সঠিকভাবে না লিখলে, মূল আবেদনপত্র (ফর্ম-৩) ও বিপিএসসি ফর্ম-৪ এর তথ্য অভিন্ন না হলে, প্রয়োজনীয় সনদপত্রের সত্যায়িত কপি জমা না দিলে, এসএসসি সনদে পিতার নাম এবং প্রার্থীর নাম যেভাবে আছে আবেদনপত্রে এবং অন্যান্য সকল সনদে হুবহু সেভাবে না থাকলে, আবেদনপত্র এবং শিক্ষাগত যোগ্যতা/অন্যান্য সনদে প্রার্থীর এবং পিতার নামে গরমিল পাওয়া গেলে বাছাই প্রক্রিয়ার/বাছাই পরীক্ষার/সাক্ষাৎকারের পূর্বে বা পরে যে কোন পর্যায়ে এ সকল ত্রুটি ধরা পড়লে প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক তার যোগ্যতা ও অভিজ্ঞতা বা অন্য কোন বিষয় সম্পর্কে আবেদনপত্রে প্রদত্ত তথ্য ভুল বলে প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল হবে। এমনটি কমিশন কর্তৃক সুপারিশ প্রদানের পরও সুপারিশ বাতিলসহ তার অপরাধের জন্য পরবর্তী যে কোন সময় পর্যন্ত উক্ত প্রার্থীকে কমিশন কর্তৃক বিজ্ঞাপিত যে কোন পদের সরকারি চাকুরীর জন্য কমিশন অযোগ্য ঘোষণা করতে পারে। এমনকি এ ধরণের প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থাও গ্রহণ করা যেতে পারে।

১৬। যে সকল ক্ষেত্রে পদের সংখ্যার চেয়ে প্রার্থীর সংখ্যা তুলনামূলকভাবে অত্যাধিক বেশি হবে সে সকল ক্ষেত্রে সাক্ষাৎকারের পূর্বে একটি লিখিত বাছাই পরীক্ষা গ্রহণ করা হতে পারে।

১৭। বাছাই পরীক্ষা/সাক্ষাৎকার কমিশনের আঞ্চলিক অফিস অর্থাৎ চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল বা সিলেট কেন্দ্রে অনুষ্ঠিত হবে কিনা সে ব্যাপারে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক বর্ণিত কোন কেন্দ্রে বাছাই পরীক্ষা/সাক্ষাৎকার অনুষ্ঠান সম্ভব না হলে কমিশন কর্তৃক আসন ব্যবস্থার বিজ্ঞাপনে বা প্রবেশপত্রে/সাক্ষাৎকারপত্রে উল্লেখিত কেন্দ্রে প্রার্থীকে বাছাই পরীক্ষায়/সাক্ষাৎকারে অংশগ্রহণ করতে হবে।

১৮। বিজ্ঞাপিত শূন্য পদের হ্রাস-বৃদ্ধি বা বাতিল/প্রত্যাহারের অধিকার সরকার সংরক্ষণ করেন।

১৯। এই বিজ্ঞাপনে যে সকল শর্ত আরোপ করা হয়েছে সেগুলো যদি আবেদনপত্র বা নির্দেশাবলীর কোন শর্তের সাথে সামঞ্জস্যপূর্ণ না হয় তবে এই বিজ্ঞাপনের শর্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২০। যে কোন ধরণের তদ্বির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা প্রমাণ করবে।

২১। বিভাগীয় প্রার্থী/বিভাগীয় প্রার্থীর সংজ্ঞা ঃ Departmental Candidates are those who hold post or posts in the same line of service for at least two years either in substantive or officiating capacity and are eligible for promotion or direct recruitment to the post advertised provided that their age at the time of first appointment to government service was within the age limit prescribed for direct appointment to the post.
(Government Circular No RV/IP-19/70-205 (250) dt. 15-4-1972)
উপরিউক্ত সংজ্ঞা অনুযায়ী কোন প্রার্থী নিজেকে বিভাগীয় প্রার্থী হিসেবে দাবী করলে তাকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রমাণপত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। প্রমাণপত্র না পাওয়া গেলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

ডিএফপি-৩৮৪২-১৪/১২/০৬
জি-২০০

মোঃ মোছলেহ উদ্দিন
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)

Government of the People's Republic of Bangladesh

Special Security Force
Chief Adviser's Office
Tejgaon, Dhaka

Invitation for Open Tender

1.	Source of funds	Revenue of GOB of financial year 2006-07.
2.	Tender package no.	154 & 135.
3.	Invitation for tenders ref. & date	651/1/P&P-154, dated: 13 Dec, 2006 & 662/1/P&P-135, dated: 06 Dec, 2006.
4.	Tender name	Purchase of Jammer & HF Set (Codan).
5.	Brief description of goods	Description / Quantity / Lot: Jammer – 01 (one) – 01; HF Set (Codan) – 01 (one) – 02
6.	Time for completion of supply	Sept 2006 of June 2007.
7	Eligibility of tenderers	Must be principal dealer/supplier having min 5 years of experience of these kinds of supply.
8.	Price of tender document	Lot 1 tender document is Tk. 2,000/- (two thousand) only and Lot 2 tender document is Tk. 500.00 (five hundred) only.
9	Amount of tender security	Earnest money (refundable) in the form of Pay-Order or Bank Draft or Irrevocable Bank Guarantee in the name of DGSSF which is shown against each lot of tender in the table below: Description / Lot / Earnest money: 01 X Jammer – 01 – 2,00,000/-; HF Set (Codan) – 02 – 30,000/-
10	Name and address of the office(s) selling tender documents	Deputy Director (P&P), Room No. 146, ICC Block, Special Security Force, Chief Adviser's Office, Tejgaon, Dhaka-1215.
11.	Name and address of the office(s) receiving tenders	Gate No. 4, Prime Minister's Office, Nakhalpara (near Old MP Hostel), Tejgaon, Dhaka-1215.
12.	Name and address of the office(s) opening tenders	Deputy Director (P&P), Room No. 146, ICC Block, Special Security Force, Chief Adviser's Office, Tejgaon, Dhaka-1215.
13.	Last date and time for selling tender document	15 Jan, 2007 up to 1200 hrs.
14	Last date and time for submission of tender	16 Jan, 2006, 1000 hours local time. Tenderers and their authorised representatives are allowed to attend. Tender will be opened at 1015 hours in the same date.
15.	Special instructions	a. All other instructions are described in the tender documents. b. The authority reserves the right to accept or reject whole or part of any tender/offer.

Md Zulfikar Ali
Deputy Director (P&P)
for Director General

GD-3210

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রারের কার্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY OFFICE OF THE REGISTRAR

বাউবি/প্রশা-৩(২৮৭)/৯৯/৪৯০৪ তারিখঃ ১২-১২-২০০৬

জনাব মোঃ আবু বকর সিদ্দিক
উচ্চমান সহকারী
রংপুর আঞ্চলিক কেন্দ্র
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আর কে রোড, রংপুর

জনাব মোঃ আবু বকর সিদ্দিক
পিতা-মৃত আবু তালেব
গ্রাম-তরফবাজিত
পোঃ ও থানা-সাদুল্যাপুর
জেলা-গাইবান্ধা

অভিযোগ নামা (Charge Sheet)

গত ০১-০৬-২০০৬ তারিখে বাউবি/প্রশা-৩(২৮৭)/৯৯/২২৩৬ সংখ্যক স্মারকে আপনার বিরুদ্ধে কারণ দর্শাও পত্র জারী করা হয় এবং উক্ত কারণ দর্শাও পত্র জারীর ০২ (দুই) সপ্তাহের মধ্যে রেজিস্ট্রার, বাউবি বরাবর লিখিত জবাব প্রদানের জন্য বলা হলেও আপনি অদ্যাবধি তা প্রদান করেননি বিধায় আপনার বিরুদ্ধে নিম্নোক্ত অভিযোগসমূহ আনয়ন করা হ'ল;

যেহেতু অতীতে আপনাকে মৌখিকভাবে সতর্ক করা হলেও আপনি তোয়াক্কা না করে বাউবি'র বি.এড প্রোগ্রামের ৪র্থ সেমেস্টারের রেজিস্ট্রেশন করার ৩,৫০০ (তিন হাজার পাঁচশত) টাকা শিক্ষার্থীদের নিকট থেকে গ্রহণ করে তা ব্যাংকে জমা না দিয়ে শিক্ষার্থীদেরকে ভূয়া ব্যাংক রশিদ প্রদান করেন যা অসদাচরণ ও অর্থ আত্মসাৎ বটে;

যেহেতু আপনি ইতোমধ্যে বি এগ এড প্রোগ্রামের ০৮ জন, এম এড প্রোগ্রামের ০৯ জন ও বি এড প্রোগ্রামের ০৯ জন শিক্ষার্থীর ব্যাংক রশিদ জালিয়াতির মাধ্যমে সর্বমোট ৫৪,২৯০/- (চুয়ান্ন হাজার দুইশত নব্বই) টাকা গ্রহণ করার কথা নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট স্বীকার করেছেন, যা জালিয়াতি ও অর্থ আত্মসাৎ বটে;

যেহেতু গত ০১-০৬-২০০৬ তারিখের বাউবি/প্রশা-৩(২৮৭)/৯৯/২২৩৬ সংখ্যক কারণ দর্শাও পত্রটি ডাকযোগে (রেজিস্টার্ড এ/ডি প্রেরিত হলে পত্রটি খামের উপর "লিখিত ঠিকানায় প্রাপক থাকেনা, তিনি কোথায় থাকেন তাহার সঠিক ঠিকানা বাড়ির কেহ বলিতে পারে না" এই মর্মে মন্তব্যসহ ডাক বিভাগ হতে ফেরত আসায় প্রতীয়মান হয় যে, আপনি সুকৌশলে সংশ্লিস্ট পত্র নেয়া হতে নিজকে বিরত রেখেছেন;

যেহেতু আপনি ৩০-০৩-২০০৬ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন যা অফিস শৃঙ্খলার পরিপন্থী কর্তব্যে অবহেলা এবং desertion ও বটে;

সেহেতু বাউবি আইন ১৯৯২-এর ৩৮ (২) নং বিধান অনুযায়ী আপনার বিরুদ্ধে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত স্বীয় কর্মস্থলে অনুপস্থিতি (desertion) কর্তব্যে অবহেলা, অর্থ আত্মসাৎ, অসদাচরণ ও দাপ্তরিক শৃঙ্খলা ভঙ্গ-এর কারণে কেন আপনাকে বাউবি'র চাকুরী হতে অপসারণ করা হবে না তার কারণ এ অভিযোগনামা জারীর ০২ (দুই) সপ্তাহের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবর লিখিতভাবে জানানোর জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করছি।

কর্তৃপক্ষের আদেশক্রমে-
রেজিস্ট্রার

জিডি-৩১৬৫

Government of the People's Republic of Bangladesh
National Institute of Population Research and Training (NIPORT)
Azimpur, Dhaka-125, Bangladesh
Ph:8614451, 8625251, 9662495 Fax: 8613362
No. NIPORT/Research- 750/UNFPA-7th CP/ Procurement/ 2396
Date: 14/12/2006

Extension of Time for EOI Submission

With reference to Memo No.NIPORT/Research-750/UNFPA-7thCP/Procurement/2311, Dated: 04/12/2006 regarding 'Expression of Interest (EOI)' published in 'The 'Daily Ittefaqe' on 09/12/06 at page # 06 and 'The Daily Star' on 09/12/06 at page # 12, the last date for submission of EOI has been extended up to 10th January 2007 instead of 30th December 2006.

AKM Abdullah
Research Associate

বাংলা একাডেমী
ঢাকা ১০০০

দরপত্র বিজ্ঞপ্তি

বাংলা একাডেমী আয়োজিত গ্রন্থমেলা ও অমর একুশে ২০০৭ উদযাপন উপলক্ষে (ক) অস্থায়ী স্টলের কাঠামো নির্মাণ (খ) মঞ্চ-প্যান্ডেল তৈরি ও চেয়ার সরবরাহ (গ) আলোক ও বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা এবং (ঘ) তোরণ, তথ্যকেন্দ্র ও অন্যান্য সাজসজ্জা কাজের দরপত্র আহবান করা যাচ্ছে। উক্ত কাজে আগ্রহী প্রতিষ্ঠানের নিকট থেকে আগামী ১০.১.২০০৭ তারিখ বেলা ১২ ০০টার মধ্যে অথবা ১০.১.২০০৭ তারিখের পূর্বে অফিস চলাকালে যে কোনোদিন একাডেমীর সচিবের কক্ষে রক্ষিত দরপত্র বাক্সে সীলমোহরকৃত খামে দরপত্র গ্রহণ করা হবে। দরপত্রের বিস্তারিত বিবরণ সংবলিত শিডিউল ৯.১.২০০৭ তারিখ পর্যন্ত অফিস সময়ে প্রতিটি ৪০০.০০ (চারশত) টাকার বিনিময়ে (অফেরতযোগ্য) একাডেমীর কোষাধ্যক্ষ-এর নিকট থেকে সংগ্রহ করা যাবে। দরপত্র দাখিলের শেষদিন কোনো শিডিউল বিক্রি করা হবে না। যে-কোনো দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা বাংলা একাডেমী কর্তৃপক্ষের সংরক্ষণে থাকবে।

মোঃ আনোয়ার হোসেন
উপপরিচালক
প্রাতিষ্ঠানিক উপবিভাগ
বাংলা একাডেমী, ঢাকা
ফোন : ৮৬১৯৫৫৪

GD-3236 বাংলা একাডেমী জাতির মননের প্রতীক

National Foundation for Development of the Handicapped

Ministry of Social Welfare
Bangladesh-UAE Friendship Complex
House No. 2, Road No. 17, Block-C
Banani, Dhaka-1213

Memo No. NFDH-04/2006-446 15.08.1413BS
Dated 29.11.2006

NOTICE

Notice regarding issue of grant/credit of 2006-07 financial year by the National Foundation for Development of the Handicapped to the non-government organisations engaged in programmes for the handicapped.

Applications separately in the Foundation's prescribed form in the light of the undermentioned terms & conditions are invited for providing grant/credit assistance in undertaking & implementing specific project/programme for development of handicapped persons by non-government organisations working with handicapped persons for the current financial year as per grant/credit rules of the National Foundations for Development of the Handicapped. Prescribed application form can be obtained on production of registration certificate of organisation and payment of Tk 200/- (two hundred) only per set from the National Foundation for Development of the Handicapped office or all District Social Service offices up to 28.12.2006.

Necessary terms & conditions:

(a) The applicant organisation should be a registered organisation of Directorate of Social Service/Bureau of NGO Affairs of the Government of the People's Republic of Bangladesh or govt approved authority & be a welfare trust for the handicapped.
(b) The approved constitution of the deserving organisation should contain specific objective, policy & work plan for development of handicapped people.
(c) Should possess minimum three years practical experience as per registration in the development of handicapped people only such organisations as have attained minimum 3 (three) years registration age as of 14.12.2006 can apply.
(d) Should possess reasonably trained manpower & necessary facilities for implementation of programme for development of handicapped people.
(e) On the spot inspection report of deputy director, district social service office/upazila social service officer, recommendation and recommendation of minimum one establishment/organisation related with programmes for the handicapped should be enclosed with the application.
Attested copy of registration, past 1 (one) year's financial statement of the organisation & copy of past 1 (one) year's audit report should be submitted with the application form.
(f) Organisations/establishments earlier receiving grant/credit from the National Foundation for Development of the Handicapped should enclose certificate/remarks of respective Upazila Nirbahi Officer on their implemented programme with application (in case of organisation under city corporation area, deputy director, district social service office).
(g) Prior to finalisation of applications of such organisations/establishments which have received grant/credit amount from the Foundation, their activities shall be evaluated & reviewed.
(h) Applications of such organisations/establishments which have earlier received but failed to undertake programme in due course as per project apprisal submitted to the Foundation & as per agreement and have not submitted accounts of expending 2004-05 & 2005-06 financial years' grant/credit amount, shall be treated as disqualified.
(i) Such organisations/establishments as have been provided credit during 2003-04 financial year, if not cleared the due credit amount in full (including service charge) by 21-12-2006, their applications shall be treated as disqualified.
(j) Incomplete application shall be treated as cancelled.
(k) Such organisations/establishments as shall be finalisad for issuing credit shall have to fill in the prescribed form for inclusion under this office as associate organisation under approved credit policy of the Foundation and such organisations may have to execute deed of agreement separately, if necessary, for receiving grant/credit.

Applications of eligible organisations/ establishments should be submitted by 15-01-2007 to the Managing Director, National Foundation for Development of the Handicapped, Bangladesh-UAE Friendship Complex, House No. 2, Road No. 17, Block-C, Banani, Dhaka-1213. Policy and rules & regulations on grant/credit of the National Foundation for Development of the Handicapped must be followed while applying for the same.

AKM Azizul Haque
Managing Director
National Foundation for
Development of the Handicapped

DFP-3706-5/12/06
G-204